

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
ইটনা, কিশোরগঞ্জ  
www.itna.kishoreganj.gov.bd

স্মারক নং ৪০৫.৪১.৪৮৩৩.০০০.০৪.০২২.২১- ২০০

তারিখ : ২১.০১.২০২৪ খ্রি.


বিষয় : সকল ধরনের নাগরিক সনদ, জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন সার্ভারে যাচাই এর মাধ্যমে এটুআই কর্তৃক উদ্ভাবিত (www.prottoyon.gov.bd) সিস্টেমের মাধ্যমে প্রদান প্রসঙ্গে।

সূত্র : ১. মন্ত্রিপরিষদ বিভাগ এর ০৩ ফেব্রুয়ারি ২০২২ তারিখের ০৪.০০.০০০০.৫১১১.২৭.১৩৫.২০.৩০ নং স্মারক।  
২. স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ইউনিয়ন পরিষদ-২ শাখার ২৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখের ৮৬.০০.০০০.০১৭.৯৯.০৩৯.১৯-১৪২ নং স্মারক।  
৩. ভূমি মন্ত্রণালয়ের ১৭ জানুয়ারি ২০২২ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.৬৮.০১৭.১৬.২৩ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সকল ধরনের নাগরিক সনদ এটুআই কর্তৃক উদ্ভাবিত (www.prottoyon.gov.bd) সিস্টেমের মাধ্যমে প্রদানের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, ইটনা উপজেলাধীন সকল ইউনিয়ন পরিষদে সকল ধরনের নাগরিক সনদ এটুআই কর্তৃক উদ্ভাবিত (www.prottoyon.gov.bd) সিস্টেমের মাধ্যমে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো নির্দেশনা মোতাবেক ইটনা উপজেলার সকল ইউনিয়ন পরিষদে প্রত্যয়ন সিস্টেম (www.prottoyon.gov.bd) এর সেবা চালুকরণের জন্য আগামী ২৩.০১.২০২৪ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ হল রুমে ইউনিয়ন পরিষদ সচিব, হিসাব সহকারী এবং উদ্যোক্তাদের নিয়ে প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।

উক্ত প্রশিক্ষণে ল্যাপটপ, মাল্টিপ্লাগ ও চেয়ারম্যান (সকল) গণের এনআইডি ফটোকপিসহ (ইউপি সচিব, হিসাব সহকারী ও উদ্যোক্তা) সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।



(মোঃ আবু রিয়াদ)  
উপজেলা নির্বাহী অফিসার  
ইটনা, কিশোরগঞ্জ

ফোনঃ ০৯৪২৬-৫৬০০১

মোবাইল : ০১৯৫৮-৪০০৪২২

ই-মেইল : [unoitna@mopa.gov.bd](mailto:unoitna@mopa.gov.bd)

০১. ইউনিয়ন পরিষদ সচিব (সকল)
০২. হিসাব সহকারী (সকল)
০৩. উদ্যোক্তা (সকল)  
ইটনা, কিশোরগঞ্জ

স্মারক নং ৪০৫.৪১.৪৮৩৩.০০০.০৪.০২২.২১- ২০০

তারিখ : ২১.০১.২০২৪ খ্রি.

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

- ১। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইটনা, কিশোরগঞ্জ।
- ৩। চেয়ারম্যান,.....ইউনিয়ন পরিষদ (সকল), ইটনা, কিশোরগঞ্জ।
- ৪। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, ইটনা, কিশোরগঞ্জ।
- ৫। অফিস কপি।